

অ্যাপস-এ প্রথম প্রবেশ

আন্তর্জাতিক নিরাপত্তা আবেদনের নিবন্ধন ফরম পূরণের জন্য অ্যাপস টিতে লগ ইন করতে আপনাকে নিচে বর্ণিত পদক্ষেপগুলো অনুসরণ করতে হবে।

যখনই আপনি অ্যাপস টিতে লগ ইন করবেন তখনই 1 ও 2 নং পদক্ষেপটি প্রদর্শিত হবে।

সতর্কীকরণ: যদি আপনার বয়স 18 বছরের নিচে হয় এবং গ্রীক আইন অনুযায়ী আপনার অভিভাবকত্ব বা দেখাশোনা করতে প্রাপ্তবয়স্ক কেউ না থাকে তাহলে সেক্ষেত্রে আপনি নিজে ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন করবেন না। প্রক্রিয়াটি সম্পন্ন করতে সংশ্লিষ্ট পরিষেবার সাথে যোগাযোগ করুন।

পদক্ষেপ 1: পরিচয় শনাক্তকরণ

আশ্রয় আবেদনের (পূর্ব নিবন্ধন) নম্বর	আশ্রয় আবেদনের (পূর্ব নিবন্ধন) নম্বর পূরণ করুন যা আপনাকে সংশ্লিষ্ট কার্যালয় থেকে প্রদান করা হয়েছে এবং এই সংখ্যাটি সংশ্লিষ্ট কার্যালয়ের প্রদত্ত দপ্তরিক নথিপত্রে উল্লেখিত আছে।
পদবী বা বংশগত নাম	সংশ্লিষ্ট কার্যালয়ে প্রাথমিক নিবন্ধন প্রক্রিয়া চলাকালীন যেভাবে উল্লেখ করেছিলেন সেভাবে, ইংরেজি বড় হাতের অক্ষর দিয়ে আপনার পদবী বা বংশগত নামের প্রথম দুটি অক্ষর পূরণ করুন। এছাড়াও সংশ্লিষ্ট কার্যালয়ের প্রদত্ত দপ্তরিক নথিপত্রে তা উল্লেখিত আছে।
নাম	সংশ্লিষ্ট কার্যালয়ে প্রাথমিক নিবন্ধন প্রক্রিয়া চলাকালীন যেভাবে উল্লেখ করেছিলেন সেভাবে, ইংরেজি বড় হাতের অক্ষর দিয়ে আপনার নামের প্রথম দুটি অক্ষর পূরণ করুন। এছাড়াও সংশ্লিষ্ট কার্যালয়ের প্রদত্ত দপ্তরিক নথিপত্রে তা উল্লেখিত আছে।
জন্ম তারিখ	সংশ্লিষ্ট কার্যালয়ে প্রাথমিক নিবন্ধন প্রক্রিয়া চলাকালীন যেভাবে উল্লেখ করেছিলেন সেভাবে আপনার জন্ম তারিখ পূরণ করুন। দি/মা/সাসাসাসা আকারে লিখুন, উদাহরণস্বরূপ- 1লা ফেব্রুয়ারী 2000 কে লিখতে হবে 01/02/2000 অথবা 1/2/2000
মোবাইল ফোন নম্বর	অ্যাপসে লগ ইন করতে যে গ্রীক মোবাইল ফোন নম্বরটিতে ওয়ান-টাইম কোডটি প্রেরণ করতে চান সেটি পূরণ করুন। পদক্ষেপ 2 এ অগ্রসর হতে এই কোডটি প্রয়োজ্য হবে।
আমি যন্ত্র নই	ছবিতে দেখতে পাওয়া অক্ষরগুলো পূরণ করুন। এটি ইংরেজি ছোট হাতের অক্ষর ও সংখ্যা দিয়ে গঠিত। যদি অক্ষরগুলো বুঝতে অসুবিধা হয় তাহলে “রিনিয়ু ক্যাপচা” বাটনটি ক্লিক করে আরেকটি পেতে পারেন।

পদক্ষেপ 2: কোড প্রবেশ

পরিচয় শনাক্তকরণ স্ক্রিনে “লগ ইন” ক্লিক করার পর যদি সফলভাবে শনাক্ত হয়ে থাকেন তাহলে আপনাকে ছয় সংখ্যা বিশিষ্ট ওয়ান-টাইম কোডটি পূরণ করতে বলা হবে যা আপনি ইতিমধ্যেই পদক্ষেপ 1 এ দেওয়া মোবাইল ফোনে পেয়েছেন।

পদক্ষেপ 3: ভাষা

ওয়ান-টাইম কোডটি সফলভাবে প্রবেশ করানোর পর আপনি যে ভাষাতে ফরমটি পূরণ করতে চান তা নির্বাচন করুন।

সতর্কীকরণ: এই বিকল্প নির্বাচনটি চূড়ান্ত। যদি আপনি নিবন্ধন ফরমের ভাষা পরিবর্তন করতে চান তাহলে ফরমের সমস্ত ক্ষেত্র মুছে যাবে এবং নতুন করে সেগুলো পূরণ করতে হবে।